# ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ পেশাব-পায়খানার আদব

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

৪। পেশাব-পায়খানার সময় কিবলার দিকে মুখ বা পশ্চাৎ করে বসবেন না

পেশাব-পায়খানার সময় কিবলার দিকে মুখ বা পশ্চাৎ করে বসবেন না। আল্লাহর রসূল (ﷺ) এ কাজ করতে আমাদেরকে নিষেধ করেছেন।

আবূ আইয়ুব আনসারী (রাঃ) হতে বর্ণিত, নবী (ﷺ) বলেন, ‘‘পায়খানা করার সময়ে তোমরা কিবলাকে সম্মুখ অথবা পশ্চাৎ করে বসো না। বরং পূর্ব অথবা পশ্চিম দিকে মুখ অথবা পিঠ করে বসো।’’[1]

বলাই বাহুল্য যে, আমাদের দেশে কিবলার দিক পশ্চিমে। অতএব আমাদেরকে উত্তর অথবা দক্ষিণ দিকে মুখ অথবা পিঠ করে বসতে হবে।

পক্ষান্তরে কিবলার তা’যীম প্রদর্শন করলে সওয়াবও রয়েছে। আল্লাহর রসূল (ﷺ) বলেছেন, ‘‘যে ব্যক্তি মলত্যাগ করার সময় কিবলামুখে অথবা কেবলাকে পিছন করে না বসে, তার জন্য এর দরুন একটি নেকী লিপিবদ্ধ করা হয় এবং একটি গোনাহ মোচন করে দেওয়া হয়।’’[2]

প্রকাশ থাকে যে, বায়তুল মাক্বদিস বা মাসজিদুল আক্বসার দিকে মুখ অথবা পিঠ করে পেশাব-পায়খানা করা নিষেধ নয়।

ফুটনোট

[1]. বুখারী তাওহীদ পাবঃ হা/ ১৪৪, মুসলিম আল-মাকতাবাতুশ-শামেলা হা/২৬৪

[2]. ত্বাবারানী, সহীহ তারগীব ১৪৫

Source — https://www.hadithbd.com/books/link/?id=6988

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন